



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
Bangladesh Council of Scientific & Industrial Research (BCSIR), Rajshahi.

সূত্র নং- ৩৯.০২.৮১৪০.০৩৮.৪০.০০৯.২০১৮/

৪৭৮

তারিখঃ ১০/০৫/২০১৮

নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার রাজশাহী (বিসিএসআইআর), ডাকঘরঃ- বিনোদপুর বাজার, রাজশাহী এর নিমাণাধীন বাউন্ডারী ওয়ালের চারপাশের ভিতরের পুরাতন/ভাঙ্গা/অকেজো ইটগুলো ১০০ টি লট অনুযায়ী যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলাম বিজ্ঞপ্তির নিমিত্তে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

১. দরদাতাগণ আগামী ১০/০৫/২০১৮ইং তারিখ হতে অফিস চলাকালীন সময় অর্থাৎ সকাল ৯:০০ টা হইতে বিকাল ৫:০০ টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতিত সরেজমিনে বাউন্ডারী ওয়ালের চারপাশের ভিতরের পুরাতন/ভাঙ্গা/অকেজো ইটগুলো ১০০ টি লট পরিদর্শন করতে পারবেন এবং ২৪/০৫/২০১৮ইং তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে বাউন্ডারী ওয়ালের চারপাশের ভিতরের পুরাতন/ভাঙ্গা/অকেজো ইটগুলোর ১০০ টি লট দর নিজস্ব লেটার হেড প্যাডে কথায় ও অংকে লিপিবদ্ধ করে সীলগালা অবস্থায় নিবাহী প্রকৌশলী, বিসিএসআইআর গবেষণাগার, ডাকঘর-বিনোদপুর বাজার, রাজশাহী এর দপ্তরে রক্ষিত দরপত্র বাঞ্চে সরাসরি দাখিল করতে পারবেন।
২. প্রাপ্ত দরপত্র দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) ২৪/০৫/২০১৮ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় খোলা হবে।
৩. রেজিস্টার্ড পোস্ট/কুরিয়ার সার্ভিস যোগে উপরোক্ত তিকানায় দরপত্র প্রেরণ করা যাবে।
৪. নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
৫. দরপত্রের সাথে উদ্ধৃত দরের ২৫% হারে জামানতের টাকা সরকার অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে- অর্ডার আকারে বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী-এর অনুকূলে দাখিল করতে হবে। বায়নার টাকা কম হইলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং অকৃতকার্য দরদাতা বায়নার টাকা কর্তৃপক্ষের সিদ্ধান্তের ৭ (সাত) দিন পর ফেরত দেওয়া হবে।
৬. কর্তৃপক্ষ কৃতকার্য দরদাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর/কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের সম্পূর্ণ টাকা এবং সরকারী সাংপ্রতিক নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর (যদি প্রযোজ্য হয়) পৃথক ভাবে সংযোজন পূর্বক সরকার অনুমোদিত তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী-এর অনুকূলে দাখিল করতে হবে।
৭. কৃতকার্য দরদাতার বায়নার টাকা (উদ্ধৃত দরের ২৫%) জামানত হিসাবে গণ্য হবে।
৮. অংশ গ্রহণকারী দরদাতাগণ উদ্ধৃত দরের সাথে তার প্রতিষ্ঠানের হাল নাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও মালিকের জাতীয় পরিচয় পত্রের কপি দাখিল করতে হবে।
৯. জমাকৃত টাকার মূল রশিদ নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা সাপেক্ষে নিলামকৃত মালামাল ক্যাম্পাসের বাহিরে নেওয়ার পেইট পাশ সংগ্রহ করা যাবে।
১০. পেইট পাশ ব্যতিত নিলামকৃত মালামাল কোন ক্রেমেই বাহিরে নেওয়া যাবে না।
১১. উপরোক্ত শর্তসমূহ যথাযথভাবে পালনে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হয়ে যাবে। ইহা কোন প্রকার আপত্তি আইনানুযায়ী গ্রাহ্য হবে না।
১২. নিলামে কৃতকার্য দরদাতা সকল শর্ত পূরণ করে সম্পূর্ণ মালামাল ক্যাম্পাসের বাহিরে নিয়ে যাওয়ার পর জামানতের টাকা ফেরত দেওয়া হবে।
১৩. নিলামকৃত মালামাল বাহিরে নেওয়ার সময় অত্র অফিসের কোন সম্পদ নষ্ট/ক্ষতি করলে তা নিজ দায়িত্বে ও খরচে মেরামত করে দিতে হবে।
১৪. কর্তৃপক্ষ সর্বোচ্চ দর অথবা কোনো দরপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা/-

(মাহমুদুল হাসান তুহিন)

নিবাহী প্রকৌশলী (অ: দা:)

অনুলিপি ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১. জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
২. সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৪. ব্যবস্থাপক, রাজশাহী স্থান মিলস, রাজশাহী।
৫. ব্যবস্থাপক, রাজশাহী জুট মিলস, রাজশাহী।
৬. অফিসার-ইন-চার্জ, ফল গবেষণাকেন্দ্র, রাজশাহী।
৭. অফিসার-ইন-চার্জ, ধান গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
৮. অফিসার-ইন-চার্জ, গম গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
৯. অফিসার-ইন-চার্জ, মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
১০. সভাপতি, কাঁটাখালি বাজার ব্যবসায়ী সমিতি, রাজশাহী।
১১. সভাপতি, বিনোদপুর বাজার, ব্যবসায়ী সমিতি, রাজশাহী।
১২. বিভিন্ন স' মিল, রাজশাহী।
১৩. আহবায়ক নিলাম কমিটি, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
১৪. ICT সেল (ওয়েব সাইট প্রচারের অনুরোধসহ), রাজশাহী।
১৫. নোটিশ বোর্ড, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণাগার, রাজশাহী।
১৬. অফিস কপি।

Tah
১০.০৫.২০১৮
নিবাহী প্রকৌশলী (অ: দা:)